

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৯৮

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৭. রেশমী পোশাক পরিধান সম্পর্কে।

# باب مَا جَاءَ فِي لُبْسِ الْحَرِيرِ

#### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةً، عَنْ مَالِكِ، عَنْ نَافِع، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، رَأَى حُلَّةً سِيَرَاءَ عِنْدَ بَابِ الْمَسْجِدِ تُبَاعُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ لَوِ اشْتَرَيْتَ هَذِهِ فَلَبِسْتَهَا يَوْمَ الْجُمُعَةِ وَلِلْوَفْدِ إِذَا قَدِمُوا عَلَيْكَ. فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّمَا يَلْبَسُ هَذِهِ مَنْ لاَ خَلاَقَ لَهُ فِي الآخِرَةِ ". ثُمَّ جَاءَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم مِنْهَا حُلَلُ فَأَعْطَى عُمَرَ بْنَ الْخَطَّابِ مِنْهَا حُلَّةً فَقَالَ عُمَرُ يَا رَسُولَ اللَّهِ كَسَوْتَنِيهَا وَقَدْ قِلْتَ فِي حُلَّةٍ عُطَارِدٍ مَا قُلْتَ. فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنِّي لَمْ أَكْسُكَهَا لَتُهِ صلى الله عليه وسلم " إِنِّي لَمْ أَكْسُكَهَا لِتَلْبَسَهَا ". فَكَسَاهَا عُمَرُ بْنُ الْخَطَّابِ أَخًا لَهُ مُشْرِكًا

#### বাংলা

৩৯৯৮. আবদুল্লাহ ইবনে মাসলামা (রঃ) .... আবদুল্লাহ ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত যে, উমার ইবনে খাত্তাব (রাঃ) মসজিদের দরজার নিকট এক জোড়া রেশমী কাপড় বিক্রি হতে দেখে বলেনঃ ইয়া রাসুলাল্লাহ! আপনি যদি এ খরিদ করে জুমুআর দিন আর যখন বিভিন্ন গোত্রের অধিপতিরা আপনার সামনে সাক্ষাতের জন্য আসে, তখন পরিধান করতেন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এ সব কাপড় তো তারাই ব্যবহার করে যাদের আখিরাতে কিছুই প্রাপ্য নেই।

এরপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এ জাতিয় কিছু কাপড় আসলে, তিনি উমার (রাঃ)-কে এর একজোড়া কাপড় দেন। তখন উমার (রাঃ) বলেনঃ ইয়া রাসুলাল্লাহ! আপনি আমাকে এর এক জোড়া প্রদান করলেন, অথচ আপনি উতারিদ ইবনে হাজিব (এক ব্যক্তির নাম) এর কাপড় জোড়া সম্পর্কে এরূপ বিরূপ মন্তব্য করেন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি তোমাকে এ কাপড় জোড়া পরার জন্য দেইনি। তখন উমার (রাঃ) ঐ কাপড় জোড়া তার এক মুশরিক ভাই (উছমান ইবনে হাকীম) কে দিয়ে দেন।

### **English**



Narrated 'Abd Allaah b. 'Umar:

'Umar b. al-Khattab saw that a striped robe containing silk was being sold at the the gate of the mosque. He said: Messenger of Allah, would that you purchased it and wore it on Friday and when a delegation came to you. The Messenger of Allah () said: Only he who has no portion in the next world wears this (silk). Then the Messenger of Allah () came in possession of some robes made of silk and gave one of them to 'Umar b. al-Khattab. 'Umar said: Messenger of Allah, you are clothing me with it, but you said about the robe of 'Utarid what you said. The Messenger of Allah () said: I did not give it to you so that you may wear it. So 'Umar al-Khattab gave it to his brother who was a polytheist in Mecca to wear it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন